# রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন (৫ম তলা)
১, কাওরান বাজার, ঢাকা।

নং-২৬.০২.০০০০.০০৬.১১.৭৬৩.২৪-

তারিখঃ ৩০ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://epb.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম ও জাঃ বেঃ স্কেল/২০১৫ অনুযায়ী গ্রেড | পদের সংখ্যা | বয়সসীমা (বছর) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ০৩ টি | ৩২ | মার্কেটিং/অর্থনীতি/সমাজবিজ্ঞান/পরিসংখ্যান/ব্যবস্থাপনা/ব্যবসা প্রশাসন/লোক প্রশাসনে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ মাস্টার্স ডিগ্রী। |
| ২. | গবেষণা কর্মকর্তা টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ০১ টি | ৩২ | মার্কেটিং/অর্থনীতি/সমাজবিজ্ঞান/পরিসংখ্যান/ব্যবস্থাপনা/ব্যবসা প্রশাসনে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ মাস্টার্স ডিগ্রী। |
| ৩. | তথ্য কর্মকর্তা টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯ম) | ০১ টি | ৩২ | সাংবাদিকতা/আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ মাস্টার্স ডিগ্রী। |
| ৪. | নির্বাহী সহকারী টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১তম) | ০২ টি | ৩২ | অর্থনীতি/পরিসংখ্যান/ বাণিজ্য/ সমাজবিজ্ঞান/রাষ্ট্রবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী। |
| ৫. | তদন্তকারী টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১তম) | ০২ টি | ৩২ | অর্থনীতি/পরিসংখ্যান/ বাণিজ্য/ অংক/সমাজবিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী। |
| ৬. | সহকারী জনসংযোগ কর্মকর্তা টাঃ ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২তম) | ০১ টি | ৩২ | ১। স্নাতক ডিগ্রী;<br>২। সাংবাদিকতা এবং জনসংযোগ কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭. | ইউডিএ কাম-একাউনটেন্ট টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪তম) | ০১ টি | ৩২ | বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ৮. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪তম) | ০১ টি | ৩২ | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>২। কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>৩। ইংরেজী ও বাংলা সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে গতি যথাক্রমে ৭০/৪৫ এবং ৩০/২৫ শব্দ। |
| ৯. | অভ্যর্থনাকারী টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪তম) | ০১ টি | ৩২ | স্নাতক ডিগ্রী। |
| ১০. | লাইব্রেরীয়ান টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪তম) | ০১ টি | ৩২ | গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা/স্নাতক ডিগ্রী। |
| ১১. | নিম্নমান সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬তম) | ১৪ টি | ৩২ | ১। কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ/সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। ইংরেজী ও বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে গতি যথাক্রমে ২০/২০ শব্দ। |
| ১২. | গাড়ীচালক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬তম) | ০২ টি | ৩২ | ১। কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>২। হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>৩। অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |
| ১৩. | অফিস সহায়ক (এমএলএসএস) টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০তম) | ০৭ টি | ৩২ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪. | অফিস সহায়ক কাম নিরাপত্তা প্রহরী (এমএলএসএস কাম-গার্ড) টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০তম) | ০৭ টি | ৩২ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। ১৫-০৪-২০২৫ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নো অবজেকশন সার্টিফিকেট (এনওসি)/অনাপত্তিপত্র দাখিল করতে হবে। এতদভিন্ন পূর্বের কর্মস্থলের আপত্তি পাওয়া গেলে প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ৮, ১১, ও ১২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ এবং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯, ১০, ১৩ ও ১৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, স্থায়ী ঠিকানার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

৫। আবেদনকারী শহীদ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট ও গেজেট এর সত্যায়িত কপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৯। একই প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

১০। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://epb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৩/০৪/২০২৫ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২২/০৫/২০২৫ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১ হতে ৩ নং ক্রমিকে বর্ণিত পদসমূহের জন্য আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ৪ হতে ৬ ক্রমিকে বর্ণিত পদসমূহের জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১৮/- (আঠার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ৭ হতে ১২ ক্রমিকে বর্ণিত পদসমূহের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ১৩ ও ১৪ ক্রমিকে বর্ণিত পদসমূহের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপান্ন) টাকা, তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা [আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন]। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।'

প্রথম SMS: EPB<space>UserID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: EPB ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK-223/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type EPB<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: EPB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: EPB Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for EPB Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://epb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: EPB<space>Help<space>User<space>UserID & Send to 16222. Example: EPB Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: EPB<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. Example: EPB Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট www.epb.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.epb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dd-ict@epb.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: EPB, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট এর টেলিটক পোর্টালের QR Code

২৩.০৪.২০২৫

সচিব (উপসচিব)
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ও
সদস্য সচিব
নিয়োগ/নির্বাচনি ও পদোন্নতি কমিটি